



স্মারক নং-৩৮.০১.০০০০.০২০.০১.০৫২.১৮- ৫৬৭

তারিখ: ২৫ফেব্রুয়ারি ১৪২৬ বঙ্গ  
০৯ মার্চ ২০২০ খ্রিঃ

বিষয় : ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০২.০২৩.০০.০০২.২০১৭-৩০৯, তারিখ-০৫-০৩-২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক জানানো যাচ্ছে যে, আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে সরকার গৃহীত জাতীয় কর্মসূচি অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থা হিসেবে শিশু কল্যাণ ট্রাস্টের জন্য প্রতিপালনীয় কর্মসূচিসমূহ নিম্নরূপঃ

ক্র. নং	কর্মসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ।	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও শিক্ষক ও শিক্ষার্থী স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক ২৫ মার্চ গণহত্যা দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত সকল অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।	মহাপরিচালক, ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট।
২	২৬-৩-২০২০ তারিখে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)	সকল শিক্ষা প্রতিষ্ঠানে দণ্ডের সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)।	মহাপরিচালক, ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট।
৩	দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার প্রদান এবং ক্রীড়া অনুষ্ঠান।	জেলা এবং উপজেলা পর্যায়ে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কুচকাওয়াজ, ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও অন্যান্য অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে নিজ নিজ কর্মসূচি প্রণয়ন ও প্রতিপালনের জন্য ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করতে হবে।	মহাপরিচালক, ডিপিই, সিপিইআইএমইউ, বিএনএফই, নেপ এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট।

উল্লিখিত কর্মসূচিসমূহ অনুসরণে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে যোগাযোগক্রমে আপনার বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারী, ছাত্র-ছাত্রী এবং বিদ্যালয় পরিচালনা কমিটি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের অংশগ্রহণে যথাসময়ে ও যথাযোগ্য মর্যাদায় বর্ণিত দিবসটি উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৫/৩/২০২০  
(হাবিবুর রহমান)

পরিচালক (অতি: সচিব)

শিশু কল্যাণ ট্রাস্ট

ফোন: ৫৫০৭৪৮৮৮

প্রধান শিক্ষক (সকল)

শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল), .....
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট), .....
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), .....
- ৬। উপজেলা প্রিমিয়াম স্কুল (সংশ্লিষ্ট), .....